অনুবাদ।

তারিখ ২৭।২।৮২
পৃষ্ঠা ... কলাম ...

050

## প্রাথমিক শিক্ষকদের আন্দোলন অব্যাহত রাখার সংকল্প

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১০ই ফেব্রুয়ারী।— বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদ আজ (মঙ্গলবার) এখানে বলেন যে, প্রয়োজন বোধে প্রাথমিক

(শেষ পৃঃ ৩এর ৩য় কঃ দেখুন)

## প্রাথমিক শিক্ষক

(১ম পাতার পর)

শিক্ষকরা সরকার পরিবর্তনের সংগ্রামে লিপ্ত হবে।

তিনি আজ লালদিঘী ময়দানে চটগ্রাম জেলা প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত এক জনসভায় ভাষণদানকালে একথা বলেন। আলহাজ নজীর হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় জনাব রফিক আহাম্মদ চৌধুরী, জনাব আবু তাহের পাটোয়ারী, জনাব এ, টি, এম, রফিকুল আনোয়ার সিদ্দিকী ও উম্মে সালমা বক্তৃতা করেন। এছাড়া সভায় চট্টগ্রাম বিশ্ব বিদ্যালয় ছাত্র সংসদের পক্ষ থেকে সহ সভাপতি মাজহারুল হক শাহ ও সাধারণ সম্পাদক জমির চৌধুরী শিক্ষকদের ন্যায্য দাবীর প্রতি একাত্মতা জানিয়ে বক্তৃতা করেন।

জনাব আজাদ তার দীর্ঘ ভাষণের এক পর্যায়ে দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেন যে, শেষ রক্ত বিন্দু নিঃশেষ না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষকরা আন্দোলন থেকে পিছপা হবেনা। তিনি বলেন, কেবল বেতন বৃদ্ধির জন্য নয়, ভবিষ্যৎ বংশধরদের ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য এই আন্দোলন। জনাব আজাদ শিক্ষকদের ন্যায্য আন্দোলনের প্রতি দেশের আপামর জনসাধারণের সক্রিয় সহযোগিতা কামনা করে বলেন যে, এই আন্দোলন ব্যর্থ হলে বাংলাদেশে আর কোন আন্দোলন গড়ে উঠতে দেয়া হবে না। সরকার সব রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ করে দেবে। তিনি গ্রাম সরকারের সমালোচনা করেন।